# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৬৮

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - শুফ্‘আহ্

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الشَّرِيكُ شَفِيعٌ وَالشُّفْعَةُ فِي كل شَيْء» . رَوَاهُ التِّرْمِذِيّ قَالَ:

বাংলা

২৯৬৮-[৮] ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ শরীক হলো শাফী’, আর প্রত্যেক [স্থাবর] জিনিসেই শুফ্’আহ্ রয়েছে। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] মুনকার : তিরমিযী ১৩৭১, য‘ঈফাহ্ ১০০৯, য‘ঈফ আল জামি‘ ৩৪৩৫। কারণ এর সনদে রাবী আবূ হামযাহ্ অন্যান্য সিকাহ্ রাবীদের বিপরীতে হাদীসটিকে মাওসূল সূত্রে বর্ণনা করেছেন, কিন্তু সিকাহ্ রাবীগণ হাদীসটি মুরসাল সূত্রে বর্ণনা করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَالشُّفْعَةُ فِىْ كُلِّ شَيْءٍ) যা স্থানান্তরযোগ্য অথবা স্থানান্তরযোগ্য নয় যারা এমন সকল বস্তুর ক্ষেত্রে, শুফ্‘আহ্ রয়েছে বলে উক্তি করেন তারা এ হাদীসকে দলীল হিসেবে উপস্থাপন করেছেন, কিন্তু হাদীসটি মুরসাল হওয়ার কারণে ত্রুটিযুক্ত।

হাফিয ইবনু হাজার ফাতহুল বারীতে বলেনঃ বায়হাক্বী ইবনু ‘আব্বাস (রাঃ) হতে মারফূ‘ সূত্রে হাদীস বর্ণনা করেন, (الشُّفْعَةُ فِىْ كُلِّ شَيْءٍ) “প্রত্যেক বস্তুতে শুফ্‘আহ্ আছে।” এর বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। তবে মুরসাল হওয়ার কারণে তা ত্রুটিযুক্ত। ত্বহাবী জাবির-এর হাদীস হতে এমন এক সানাদে এর শাহিদ বা সমর্থন বর্ণনা করেছেন। যার বর্ণনাকারীদের ব্যাপারে (لا بأس) বলা হয়েছে। (لا بأس) বলতে এমন বর্ণনাকারী যাদের হাদীস দলীলযোগ্য নয়, তবে পরীক্ষা চালানোর জন্য লেখা যাবে।

অধিকাংশ বিদ্বানগণ বলেন, শুফ্‘আহ্ কেবল ঘর-বাড়ী ও জমিতে হয়ে থাকে। তারা প্রত্যেক বস্ত্ততে শুফ্‘আর মতামত ব্যক্ত করেননি। তারা জাবির-এর হাদীস দ্বারা দলীল পেশ করেছেন, (قَضٰى رَسُولُ اللّٰهِ ﷺ بِالشُّفْعَةِ فِي كُلِّ شَرِكَةٍ لَمْ تُقْسَمْ رَبْعَةٍ أَوْ حَائِطٍ) অর্থাৎ- বণ্টন করা হয়নি এমন প্রত্যেক অংশীদারপূর্ণ বিষয়ে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শুফ্‘আর ফায়সালা দিয়েছেন তথা বাড়ী-ভিটা অথবা বাগানের ক্ষেত্রে। হাদীসটি মুসলিম বর্ণনা করেছেন। কারী বলেন, এ হাদীসটিতে ঐ ব্যাপারে প্রমাণ আছে যে, যা কিছু স্থানান্তরযোগ্য নয় এমন ক্ষেত্র ছাড়া অন্য ক্ষেত্রে শুফ্‘আহ্ প্রমাণিত হয় না। যেমন- ঘর-বাড়ী, জমি-জমা, বাগ-বাগিচা। যা স্থানান্তর করা যায় তাতে শুফ্‘আহ্ নেই, যেমন পণ্য-সামগ্রী ও প্রাণীসমূহ। এটা সাধারণ বিদ্বানদের উক্তি। (মিরকাতুল মাফাতীহ; তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১৩৭১)

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68295

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন